



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

নং-রেজি/প্রশা(টিচিং)/২০১৯-২০/০১

তারিখ : ২৫-০৭-২০১৯

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

বিভাগ	পদের নাম	পদের সংখ্যা
১। লোক প্রশাসন বিভাগ	অস্থায়ী প্রভাষক	২টি
২। জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	স্থায়ী প্রভাষক	১টি
	অস্থায়ী প্রভাষক	১টি
৩। মাইক্রোবায়োলজি বিভাগ	স্থায়ী প্রভাষক	২টি
	অস্থায়ী প্রভাষক	৩টি
৪। পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগ	স্থায়ী প্রভাষক	৩টি
	(পরিবেশ বিজ্ঞান-০১টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-০১টি, MPH সহ বি.ডি.এস.-০১টি)	
	অস্থায়ী প্রভাষক	৩টি
	(পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স-০১টি প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান/ মাইক্রোবায়োলজি-০১টি পরিসংখ্যান-০১টি)	
৫। ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস	অস্থায়ী প্রভাষক	১টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম :

প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রভাষক : প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) এবং মানবিক শাখায় জিপিএ ৪.০০(৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের লোক প্রশাসন/জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) এবং মাইক্রোবায়োলজি বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এ ভূগোল ও পরিবেশ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) এবং পরিবেশ বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

প্রভাষক (পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স) : প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) থাকতে হবে। প্রার্থীর পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স, পরিবেশ বিজ্ঞান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, পরিসংখ্যান, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান ও মাইক্রোবায়োলজি বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। MPH ডিগ্রিসহ বি.ডি.এস. ডিগ্রিধারী প্রার্থী আবেদন করতে পারবেন। জৈব পরিসংখ্যান বিষয়ে উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

বি.দ্র.: লোক প্রশাসন বিভাগে প্রভাষক পদে ০১-০৪-২০১৮ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না।

এই বিশ্ববিদ্যালয়ে অস্থায়ীভাবে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে উপরোক্ত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার শর্ত প্রযোজ্য হবে না।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। প্রভাষক পদের জন্য ৭(সাত) সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন (সকাল ৮-৩০ থেকে বিকেল ৪-০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে উল্লিখিত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তথ্যাদি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট [www.juniv.edu](http://www.juniv.edu) থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০৮-০৮-২০১৯। বিশ্ববিদ্যালয়ের ঈদুল আযহার ছুটিকালীন ০৬-০৮-২০১৯, ০৭-০৮-২০১৯ ও ০৮-০৮-২০১৯ তারিখেও আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়া যাবে।

স্বাক্ষর/-রেজিস্ট্রার